১

সংশোধিত

উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের জুলাই'২০২৩ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভা অনিবার্য কারণ বশতঃ ১৮/০৭/২০২৩ তারিখের পরিবর্তে আগামী ২৫/০৭/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে জুলাই'২০২৩ খ্রিঃ এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

স্বাঃ

(মোঃ মাহমুদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ)
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২৩-৪৬৮

তারিখ ঃ ০২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ...........................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

১৭/৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ)
চর রাজিবপুর, কুড়িগ্রাম

CamScanner

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুলাই'২০২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ২৫ জুলাই'২০২৩ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুন'২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুন'২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। অত্র এলকায় লাম্পিস্কিন ডিজিজ নামক রোগের মহামারী আকার ধারন করেছে। এ রোগ প্রতিরোধের জন্য ভ্যাকসিন প্রয়োজন। সরকারী তথা প্রাণিসম্পদ দপ্তরের প্রেরিত ভ্যাকসিনের পরিমাণ অপ্রতুল। ভ্যাকসিন বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ (লজিক) প্রকল্পের আওতায় চর রাজিবপুর উপজেলা পরিষদের অনুকুলে ২০২২-২০২৩ অর্থ বছরে মোট =৫৪,৬২,৯৮১/- (চুয়ান্ন লক্ষ বাষট্টি হাজার নয়শত একাশি) টাকা বরাদ্দ পাওয়া যায়। গত মার্চ মাসের মাসিক সমন্বয় সভায় প্রকল্প অনুমোদিত হয়। উক্ত প্রকল্পগুলি ইজিপি'র এলটিএম পদ্ধতিতে টেন্ডার আহবান করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ ভবনের কক্ষ ও বাসাবাড়ী মেরামত করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে পার্শে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। গত মার্চ মাসের মাসিক সমন্বয় সভায় অনুমোদিত লজিক প্রকল্পগুলি ইজিপি'র এলটিএম পদ্ধতিতে টেন্ডার আহবান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ ভবনের কক্ষ ও বাসাবাড়ী মেরামত করার নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-২



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আসন্ন বন্যার মালামাল (যেমন: পানি বিশুদ্ধকরণ টাবলেট, ব্লিচিং পাউডার, হাইজিন কিটস,জেরিকেন ইত্যাদি) গুদামে প্রচুর পরিমাণে মজুদ রয়েছে। এছাড়াও মুজিব শত বর্ষের কাজ চলমান রয়েছে। দাপ্তরিক আর কোন সমস্যা নেই। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় স্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা -কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০৭ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান, স্বল্প মেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির বিশেষ সেবাদান কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের ইজিপিপি বাস্তবায়নে প্রকল্প তালিকা ও উপকারভোগী তালিকা দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যাগণকে তাগিদ প্রদাণ করেন এবং সাম্প্রতিক বন্যার প্রতিবেদন প্রদাণের জন্য চেয়ারম্যানগণকে তাগিদ প্রদাণ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | **শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট আগামী ৩০ ও ৩১ জুলাই অনুষ্ঠিত হবে। তিনি আরও জানান যে, বদরপুর স. প্রাঃ বিঃ ও চরনেওয়াজী বালিকা স. প্রাঃ বিদ্যালয় দুটি নদী ভাঙ্গনের সম্মুখীন। সরকারী ভাবে জিও ব্যাগ ফেলা হয়েছে। এছাড়া বলেন শংকর মাধবপুর স. প্রাঃ বিদ্যালয়টি নদী ভাঙ্গনের সম্মুখীন এবং এই বিদ্যালয়টি টিনের ঘর। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় মহিলা বিষয়ক অধিদপ্তরের কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, জুলাই মাসের ১৫ তারিখ থেকে সাতজন যুবক ও যুব নারীকে কুড়িগ্রামে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান উপজেলা অফিসারসহ মোট ০৫ জন কর্মী মিলে একটি মাত্র রুমে অফিস কার্যপরিচালনা করা হচ্ছে। একটি রুমে ০৫ জন কর্মীর চেয়ার টেবিল বসানোর কোন সুযোগ নেই। তিনি আরও বলেন যে, সমবায় অফিসে কোন ওয়াসরুম নেই। অফিসের মধ্যে একটি সরকারী মোটর সাইকেল থাকে কিন্তু অফিসের দরজা প্রায় নষ্ট। এমতাবস্থায় অফিসের একটি রুম বৃদ্ধি করে এ্যাটাস্ট ওয়াসরুম নির্মাণসহ অফিসের দরজা মেরামতের জন্য জোর আবেদন জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পাঁচটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। রির্পোর্টিং মাসে ০৩টি সমিতির মাঝে ৯ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। এছাড়াও পল্লীভবন ছাদ সংশ্লিষ্ট ২টি মেহগণি গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আবার অনুরোধ করা হলো। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় মাধ্যমিক শিক্ষা অফিসের কোন আলোচনা করা সম্ভব হলোনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে আগামী সমন্বয় সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক জুলাই/২০২৩ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের জুলাই/২০২৩ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) জুলাই/২০২৩ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। জুলাই/২০২৩ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম, টি-ব্যাগ ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। জুলাই/২০২৩ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জুলাই/২০২৩ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×৩০ দিন) =১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা।<br>০৬। জুলাই/২০২৩ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×৩০ দিন) =১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা।<br>০৭। জুলাই/২০২৩ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর জুলাই/২০২৩ খ্রিঃ মাসের বেতন (২৫০×৩১ দিন) =৭,৭৫০/- (সাত হাজার সাতশত পঞ্চাশ) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র মেরামত করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ চত্ত্বরে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক অফিস সরঞ্জামাদি ও আসাবাবপত্র মেরামত এবং ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা যেতে পারে।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। জুলাই/২০২৩ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২৩-২৪ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র মেরামত করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ চত্ত্বরে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক অফিস সরঞ্জামাদি ও আসাবাবপত্র মেরামত এবং ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করা যেতে পারে। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৪



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বোরো/২৩ সংগ্রহ কার্যক্রম চলমান আছে যা নির্ধারিত সময়ে শেষ হবে ইনশাল্লাহ। তিনি আরও জানান সারা দেশের ন্যায় টিসিবি খাতের আওতায় চর রাজিবপুর উপজেলায় ১০৮৩০ টি কার্ডের বিপরীতে ৫ কেজি হারে চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও চলমান বর্ষাকালে প্রাকৃতিক দূর্যেগ নিরসনে জিআর খাতে চাল বিতরণের সার্বিক প্রস্তুতি গ্রহণ করা আছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, অত্র অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। তিনি আরও জানান যে, প্রশিক্ষণের কোন বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম নেই। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | রাজিবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিজিডি চাউল বিতরণ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, কোদালকাটি ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, কোদালকাটি ইউনিয়নে নদী ভাঙ্গনের কারণে ১২৫টি পরিবার নদীতে বিলীন হয়ে গেছে। আরও ১টি গ্রাম যে কোন সময় নদীগর্ভে বিলীন হতে পারে। কোদালকাটি ইউনিয়নে লাম্পি স্কিন ভাইরাসের কারণে অনেক গরু মারা গেছে। প্রতিষেধক হিসেবে ভ্যাকসিনেশন ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কোদালকাটি ইউনিয়নে গ্রাম পুলিশ নিয়োগ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন ও গ্রাম পুলিশ নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে ০৫ জন গ্রাম পুলিশ নিয়োগ করা জরুরী। নয়াচর হাট-বাজার অনেক পুরাতন হাট, কিন্তু কোন পশু ক্রয়-বিক্রয় করা হয় না। নয়াচর হাটে মাটি ভরাট করা জরুরী এবং জনস্বার্থে চরাঞ্চল হিসাবে সপ্তাহে ১দিন (শনিবার) গবাদি পশু অর্থ্যাৎ গরুর হাট চালু করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নে অবস্থিত মোহনগঞ্জ আদর্শ কলেজ হতে দক্ষিণ দিকে জামালপুর সীমানা পর্যন্ত রাস্তাটি একটি ৭০ ফুট ব্রীজসহ পাকা করা দরকার। কোলকিহারা গ্রামে অবস্থিত কোলকিহারা খালের উপর ৯৫ মিটার ব্রীজ প্রয়োজন। নয়াচর বাজার হতে দক্ষিণ দিকে ঘেঘারচর খাল পর্যন্ত রাস্তাটি পাকা করা প্রয়োজন এবং আজমীর পাড়া টু মদনপাড়া রাস্তাটি পাকা করা দরকার। মোহনগঞ্জ ইউনিয়নে প্রতিবছর নদীভাঙ্গনের ফলে ভূমিহীন সৃষ্টি হয় এবং বর্তমানে আমার ইউনিয়নে প্রায় ১৮০০ থেকে ১৯০০ ভূমিহীন আছেন। তাদের জীবন যাপনের জন্য আশ্রয়ন প্রকল্পে ঘরের প্রয়োজন। ২নং ওয়ার্ডে অবস্থিত বড়বেড় অস্থায়ী পুলিশ ক্যাম্পটি স্থায়ী করা প্রয়োজন এবং ক্যাম্পে একটি ঘর করে দেয়া প্রয়োজন। চরনেওয়াজী ও ঢাকাইয়া পাড়া এলাকায় নদী ভাঙ্গন হতে রক্ষা করার জন্য জিও ব্যাগ প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। মোহনগঞ্জ ইউনিয়নে প্রয়োজনীয় সংখ্যক গ্রাম পুলিশ বিধি মোতাবেক নিয়োগ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। নয়াচর হাটে সপ্তাহে ১দিন (শনিবার) পশু বিক্রয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৫



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান যে, রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরও জানান জাতীয় শোক দিবস পালন দিবসকে সামনে রেখে আইন শৃঙখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ টহল জোরদার করা হবে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পরিসংখ্যান অফিসের ভবন খুবই ঝুকিপুর্ণ। একটু বৃষ্টি হলেই অফিসের ভিতরে পানি পড়ে প্রয়োজনীয় সব কাগজপত্র ও কম্পিউটার সামগ্রী নষ্ট হয়ে যাচ্ছে। অফিসটি মেরামত করার আশু প্রয়োজন হেতু সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক চর রাজিবপুর শাখার কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের ঋণ আদায়, ঋণ বিতরণ ও সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ( লক্ষ টাকায়) নির্ধারণ করা হয়েছে। যথাঃ ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৮.৪৫, ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৮.৬৭ ও সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ০.৬১। এছাড়াও আরও জানান দীর্ঘদিন ধরে কম্পিউটার অপারেটর না থাকায় অফিসের স্বাভাবিক কার্যক্রম অনেক ব্যাহত হচ্ছে। এমতাবস্থায়, তিনি একজন কম্পিউটার অপারেটর এর ব্যবস্থা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। যে সকল সদস্য দীর্ঘদিন ধরে ঋণ খেলাপী অবস্থায় রয়েছে তাদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলার মাধ্যমে খেলাপী ঋণ আদায়ের জন্য প্রয়োজনীয় গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও তিনি পল্লী সঞ্চয় ব্যাংকের পার্শ্ববর্তী অফিস জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে তাদের অফিসের বাউন্ডারী ওয়াল ও গেট নির্মাণের সময় তাদের জন্য নির্ধারিত ৩৩ শতাংশের বাইরে অতিরিক্ত জায়গা পল্লী সঞ্চয় ব্যাংকের জন্য বরাদ্দ রাখার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ঋণ বিতরণ, ঋণ আদায় ও সঞ্চয় আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৬



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য আপা: সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পর্যায়ের অনেক দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ করা নাই। সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনগাদ করা প্রয়োজন। সকল দপ্তর কর্তৃক নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ করতে যে কোন সমস্যা হলে সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগ করতে অনুরোধ করেন। এছাড়া তিনি আরও জানান অফিসের জন্য ব্যবহৃত রুমটি মেরামত করা প্রয়োজন এবং দরজা পরিবর্তন করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় জানান বালিয়ামারী বিওপি'র সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। তিনি আরও জানান সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর শাখার সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সভায় অনুপস্থিত। | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, চর রাজিবপুর |
| ১৮(২০) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(২১) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

১৮(২২) উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, উপজেলা পর্যায়ের সকল দপ্তরে বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রীর হালনাগাদ ছবি বিনা ব্যর্থতায় লাগাতে হবে এবং ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের ২টি পুকুর (হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও শেখ রাসেল স্টেডিয়াম সংলগ্ন পুকুর) ইজারা মেয়াদ ৩০ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দের পর্যন্ত সময় শেষ হয়েছে। অদ্যাবধি পুকুর ২টি ইজারা প্রদান করা হয়নি। উপজেলা পরিষদ (হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও শেখ রাসেল স্টেডিয়াম সংলগ্ন পুকুর) ১৪৩০ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে নির্দিষ্ট সময় পর্যন্ত ইজারা দেয়া প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক কমিটি গঠন পূর্বক পুকুর ইজারা প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ কমিটি গঠন পূর্বক উপজেলা পরিষদের ২টি পুকুর (হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ও শেখ রাসেল স্টেডিয়াম সংলগ্ন পুকুর) ইজারা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৭



CamScanner

বাস্তবায়নে ঃ ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(২৩) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, অফিসার্স ক্লাব, চর রাজিবপুর, কুড়িগ্রাম পরিচালনার জন্য তেমন কোন আয়ের উৎস নেই। উপজেলা পরিষদ চত্ত্বরের পুকুরটি হতে প্রাপ্ত অর্থ অফিসার্স ক্লাবের ব্যাংক হিসাব নম্বরে জমা করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ চত্ত্বরের পুকুরটি হতে প্রাপ্ত অর্থ অফিসার্স ক্লাবের ব্যাংক হিসাব নম্বরে জমা করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ চত্ত্বরের পুকুরটি হতে প্রাপ্ত অর্থ অফিসার্স ক্লাবের ব্যাংক হিসাব নম্বরে জমা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(২৪) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান উপজেলা পরিষদের একমাত্র রাজস্ব আয়ের উৎস হলো বাসাবাড়ী ও সুপারমার্কেট হতে প্রাপ্ত আয়। কিন্তু বাসাবাড়ী ও ২নং সুপার মার্কেটের ভাড়া নিয়মিত আদায় হচ্ছে না। ফলে রাজস্ব আয় দিন দিন হ্রাস পাচ্ছে। উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির সার্থে বাসাবাড়ী ও সুপার মার্কেটের ভাড়া পরিশোধে ব্যর্থ হলে সভার সিদ্ধান্ত মোতাবেক বাসা বরাদ্দ ও সুপার মার্কেটের লীজ বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির সার্থে উপজেলা পরিষদ সুপার মার্কেট-১ এর ভাড়া বৃদ্ধি করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক সুপার মার্কেট-১ এর ভাড়া বৃদ্ধি করে প্রতিটি কক্ষের জন্য আগস্ট'২০২৩ খ্রিঃ হতে =৩,০০০/- (তিন হাজার) টাকা হারে নির্ধারণ করা যেতে পারে।

উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর সুপার মার্কেট-১ এর ভাড়া বৃদ্ধি করে আগামী আগস্ট'২০২৩ খ্রিঃ হতে =৩,০০০/- (তিন হাজার) টাকা হারে নির্ধারণ করার জন্য একমত পোষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। উপজেলা পরিষদ সুপার মার্কেট-১ এর প্রতিটি কক্ষের ভাড়া আগস্ট'২০২৩ খ্রিঃ হতে =৩,০০০/- (তিন হাজার) টাকা হারে নির্ধারণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে লীজ গ্রহীতাগণের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সুপার মার্কেট-১ এর কক্ষ ভাড়া ৩,০০০/- (তিন হাজার) টাকা লীজ গ্রহীতাগণ কর্তৃক প্রতি মাসের ০১-০৫ তারিখের মধ্যে সোনালী ব্যাংক, রাজিবপুর শাখার উপজেলা পরিষদের সুপার মার্কেট সংক্রান্ত হিসাব নং-৫২১৫৯০২০০০৮১৬ জমা প্রদান পূর্বক জমা রশিদের কপি এ অফিসে জমা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বাসাবাড়ী ও সুপার মার্কেটের ভাড়া বকেয়াসহ আদায়ের জন্য তাগিদ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(২৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, মোহনগঞ্জ ইউনিয়নের নয়াচর হাটটি অনেক পুরাতন হাট। কিন্তু কোন পশু ক্রয়-বিক্রয় হয় না। চরাঞ্চলের হাট হিসেবে সভার সিদ্ধান্ত মোতাবেক জনস্বার্থে নয়াচর হাটে সপ্তাহে ১দিন (শনিবার) পশু ক্রয়-বিক্রয় চালু করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ০১। চরাঞ্চলের হাট হিসেবে জনস্বার্থে নয়াচর হাটে সপ্তাহে ১দিন (শনিবার) পশু ক্রয়-বিক্রয় চালু করা জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর ১৫/০৭/২৩

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

চলমান পাতা-৮



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২২-৪৯০

তারিখ ঃ ১০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। ........................................................................................ কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
১০। অফিস কপি।

২৫/০৭/২৩

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

CamScanner

## উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুলাই'২০২৩ খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্য ও দাপ্তরিক কর্মকর্তাগণের স্বাক্ষর ঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তারিখ ঃ ২৫/০৭/২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | নাম ও পদবী (জৈষ্ঠ্যতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০২ | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৩ | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা,<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৪ | জনাব মোঃ আমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৫ | জনাব মোছাঃ জায়েদা আমিন<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৬ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৭ | জনাব মিরন মোঃ ইলিয়াস<br>চেয়ারম্যান, রাজিবপুর ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৮ | জনাব মোঃ হুমায়ুন কবির<br>চেয়ারম্যান, কোদালকাটি ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ০৯ | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১১ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |

চলমান পাতা-২



CamScanner

| ক্রঃ নং | নাম ও পদবী (জৈষ্ঠ্যতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৭ | উপজেলা শিক্ষা অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২০ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২১ | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২২ | উপজেলা সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৫ | ফরেস্টার, উপজেলা বনায়ন নার্সারী<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ২৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |

চলমান পাতা-৩



CamScanner

| ক্রঃ নং | নাম ও পদবী (জৈষ্ঠ্যতার অনুসারে নয়) | উপস্থিত সদস্যের স্বাক্ষর | উপস্থিত প্রতিনিধির স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২৮ | জনাব মোঃ আঃ হাই সরকার, সভাপতি বাংলাদেশ আওয়ামীলীগ, চর রাজিবপুর উপজেলা শাখা, কুড়িগ্রাম। | | | |
| ২৯ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩০ | চেয়ারম্যান বি.আর.ডি.বি, চর রাজিবপুর | | | |
| ৩১ | উপজেলা নির্বাচন কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম | | | |
| ৩২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৪ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৫ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৬ | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি, জামালপুর | | | |
| ৩৭ | কোম্পানী কমান্ডার বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৮ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ি আমার খামার প্রকল্প চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৩৯ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |
| ৪০ | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন চর রাজিবপুর, কুড়িগ্রাম। | | | |